# উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব তৃপ্তি কণা মন্ডল
উপজেলা নির্বাহী অফিসার
রায়গঞ্জ, সিরাজগঞ্জ

সভার তারিখ ঃ ০৯-০৩-২০২৩ খ্রিঃ

সময় ঃ বিকেল ৪.০০ ঘটিকা

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সর্বপ্রথম তিনি গত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

সভার আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত নিম্নরূপ"ঃ

| ক্র নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য | রায়গঞ্জ উপজেলার বিভিন্ন সরকারি দপ্তরের ও ইউনিয়ন ডিজিটাল সেন্টার সমূহের ওয়েব পোর্টাল বিষয়ে রিফ্রেসার্স প্রশিক্ষন ইতিমধ্যে সম্পন্ন হয়েছে।<br>অত্র উপজেলাধীন অফিস সমূহের ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য যাচাই করে দেখা যায় কিছু ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ নাই এবং সরকারি বিভিন্ন দপ্তরের পোর্টাল হালনাগাদ না থাকায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ করে উপজেলার সকল দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য আগামী ৭ কার্যদিবসের মধ্যে শতভাগ হালনাগাদ নিশ্চিত করার জন্য সকল দপ্তর প্রধানকে বিশেষভাবে অনুরোধ জানানো হয়।<br>সকল ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাকে আগামী ৭ কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে এটুআই কর্তৃক নির্দেশিত কাঠামো অনুযায়ী ওয়েব পোর্টালের তথ্য শতভাগ হালনাগাদ করতে হবে। | উপজেলা পর্যায়ের অফিস সমূহের অফিস প্রধান, সহকারী প্রোগ্রামার, আই,সি,টি অধিদপ্তর, রায়গঞ্জ, সিরাজগঞ্জ ও সংশ্লিষ্ট ইউ, পি চেয়ারম্যান (সকল), উদ্যোক্তা (সকল), রায়গঞ্জ, সিরাজগঞ্জ। |
| ২. | ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড | ডিজিটাল সেন্টার থেকে এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতাসহ অন্যান্য প্রকল্পের ভাতা/আর্থিক সুবিধা প্রদানের বিষয়ে বিভিন্ন সরকারি দপ্তর ও ইউনিয়ন পরিষদ সমূহে পত্র প্রেরণ করা করা হয়েছে। ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য নিয়মিত এক সেবায় আপলোড করতে হবে।<br>সেবার তালিকায় নতুন সেবা সংযুক্ত ও আয় বৃদ্ধির জন্য কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউডিসি/পিডিসি উদ্যোক্তা (সকল), রায়গঞ্জ, সিরাজগঞ্জ। সংশ্লিষ্ট দপ্তরকে উদ্যোক্তাকে সহযোগিতা করার অনুরোধ করা হয়। |
| ৩. | অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা এর জন্য আবেদন সরবরাহ | ইউডিসি/পিডিসি উদ্যোক্তাগণ ডিজিটাল সেন্টার হতে খতিয়ান(পর্চা) এর জাবেদা নকল সরবরাহের নিমিত্তে অনলাইনে আবেদন গ্রহণ করে দ্রুততম সময়ের মধ্যে সরবরাহ নিশ্চিত করবেন।<br>পরবর্তীতে ই-নামজারী সেবা ডিজিটাল সেন্টার হতে দেয়া হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার(ভূমি)/ ইউডিসি/পিডিসি উদ্যোক্তা (সকল), রায়গঞ্জ, সিরাজগঞ্জ। |
| ৪. | ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি | উপজেলা পর্যায়ে যে সমস্ত অফিসে ই-নথি সিস্টেম চালু হয়েছে তাদেরকে ই-নথির মাধ্যমে চিঠিপত্র নিষ্পত্তিকরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।এ বিষয়ে কারিগরি সহযোগিতার প্রয়োজন হলে সহকারী প্রোগ্রামার, আই,সি,টি অধিদপ্তর, রায়গঞ্জ, সিরাজগঞ্জ এর সহযোগিতা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল অফিস প্রধান। সহকারী প্রোগ্রামার, আই,সি,টি অধিদপ্তর, রায়গঞ্জ, সিরাজগঞ্জ |
| ৫. | সরকারী ই-মেইল ব্যবহার সংক্রান্ত | উপজেলা পর্যায়ে সকল সরকারী অফিসের নিয়মিত ই-মেইল ব্যবহার নিশ্চিত করতে হবে। | উপজেলা পর্যায়ে সকল অফিস প্রধান। |
| ৬. | উপজেলা পর্যায়ে আইসিটি কমিটির সভা অনুষ্ঠান | প্রতি মাসে নিয়মিতভাবে আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি কমিটির সকল সদস্য। |
| ৭. | ইউডিসি/পিডিসি হতে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রম | ইউডিসি/পিডিসি হতে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রম জোরদার করণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউডিসি/পিডিসি উদ্যোক্তা (সকল), রায়গঞ্জ, সিরাজগঞ্জ। |
| ৮. | উদ্যোক্তাগণের উপস্থিতি নিশ্চিত করণ ও অন্যান্য বিষয় | অত্র উপজেলায় ৯টি ইউনিয়ন ও ১টি পৌরসভাতে ১জন করে পুরুষ উদ্যোক্তা ও ১ জন করে নারী উদ্যোক্তা রয়েছে। তাদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে।<br>ডিজিটাল সেন্টারে আরো প্রয়োজনীয় যন্ত্রপাতি/মালামাল ক্রয় ও মেরামতে সরকারী অনুদানের পাশাপাশি নিজের বিনিয়োগ বাড়াতে হবে।<br>ডিজিটাল সেন্টারের কার্যক্রম পরিচালনায় কোন সমস্যা দেখা দিলে উর্ধতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | মেয়র, রায়গঞ্জ পৌরসভা/ চেয়ারম্যান (সকল) ইউপি, রায়গঞ্জ, সিরাজগঞ্জ। |
| ৯. | শেখ রাসেল কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাশ রুম | যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে সে সকল প্রতিষ্ঠান করোনাকালীন সময়ে বন্ধ থাকার কারনে যন্ত্রপাতি ও মালামাল যথাযতভাবে রক্ষণাবেক্ষন করা হচ্ছে না মর্মে প্রতীয়মান হওয়ায় তা যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।<br>প্রধানগণ মাল্টিমিডিয়া বিষয়ে কি ক্লাস গ্রহণ করবেন তা আগামী সভার আগেই সিডিউল করে সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কম্পিউটার ল্যাবের নষ্ট কম্পিউটার ও সরঞ্জামাদি স্থানীয় ভাবে নিজ | উপজেলা পর্যায়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সকল প্রতিষ্ঠান প্রধান।<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ।<br>সহকারী প্রোগ্রামার, আই,সি,টি |

| | | | |
|---|---|---|---|
| | | উদ্যোগে মেরামতের প্রয়োজনী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহে যথাযথ ব্যবহার রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা নিশ্চিত করণে জোরালো ব্যবস্থা নেয়ার জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে মাল্টিমিডিয়া ক্লাশ রুম সমূহ নিয়মিত পরিদর্শণ করে প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | অধিদপ্তর, রায়গঞ্জ, সিরাজগঞ্জ |
| ১০. | জন সেবায় face book এর ব্যবহার নিশ্চিত করণ | জন সেবায় face book এর ব্যবহার বৃদ্ধির জন্য যে সকল অফিসে ফেসবুক পেজ খোলা হয়নি, সে সকল অফিসে অফিসিয়াল ফেসবুক পেজ খুলে পরবর্তী সভায় অবহিত করবেন। | উপজেলা পর্যায়ে সকল অফিস প্রধান। |
| ১১. | বিবিধ | ১)সরকারী অফিস সমূহে WiFi জোন সৃষ্টি করতে হবে। | সিরাজগঞ্জ বিটিসিএল/রায়গঞ্জ বিটিসিএল শাখা |
| | | ২) শিক্ষা প্রতিষ্ঠান সমূহে ১০০% মাল্টিমিডিয়া ক্লাশরুম বাস্তবায়ন এবং কন্টেন বৃদ্ধির জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট অন্যান্য (সকল) রায়গঞ্জ, সিরাজগঞ্জ |
| | | ৩। আবশ্যিকভাবে কমিটির সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | আইসিটি কমিটির সকল সদস্য, উদ্যোক্তা (সকল), রায়গঞ্জ, সিরাজগঞ্জ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(তৃপ্তি কণা মন্ডল)
উপজেলা নির্বাহী অফিসার
রায়গঞ্জ, সিরাজগঞ্জ
e-mail : uno.raigoanj@yahoo.com
ফোন নং ঃ ০২৫৮৮৮৩৪৮৬৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রায়গঞ্জ, সিরাজগঞ্জ

স্মারক নং- ০৫.৪৩.৮৮৬১.০০০.১৮.০১০.১৯- ২০৭(৫০) তারিখ ঃ ০৯-০৩-২০২৩খ্রিঃ

<u>অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ</u>

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৬৪, সিরাজগঞ্জ-৩ (রায়গঞ্জ-তাড়াশ)
০২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
০৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
০৪। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
০৫। চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ
০৬। উপজেলা ............................................................... অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ
০৭। অফিসার ইনচার্জ, রায়গঞ্জ/সলঙ্গা থানা
০৮। চেয়ারম্যান, ------------------------------------------ ইউপি (সকল), রায়গঞ্জ, সিরাজগঞ্জ
০৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ........................................................................ কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, রায়গঞ্জ
১০। জনাব/সভাপতি/সাধারণ সম্পাদক ----------------------------------------------------------------------------------
১১। টেলিফোন কমিউনিকেশন মেকানিক, বিটিসিএল, রায়গঞ্জ
১২। উদ্যোক্তা(সকল),--------------------- ডিজিটাল সেন্টার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ
১৩। অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
রায়গঞ্জ, সিরাজগঞ্জ

## উপজেলা আইসিটি কমিটির সভার উপস্থিত হাজিরাঃ

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ

তারিখ ঃ ০৯-০৩-২০২৩ খ্রিঃ, সময়ঃ বিকাল ০৪.০০ টা

| ক্র, নং | নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব ইমরুল হোসেন তালুকদার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ । | উপদেষ্টা | |
| ০২ | জনাব তৃপ্তি কণা মন্ডল<br>উপজেলা নির্বাহী অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ । | সভাপতি | |
| ০৩ | জনাব মোঃ আব্দুল্লাহ আল পাঠান<br>মেয়র, রায়গঞ্জ পৌরসভা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | সদস্য | |
| ০৪ | চেয়ারম্যান<br>ধামাইনগর ইউপি, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |
| ০৫ | চেয়ারম্যান<br>সোনাখাড়া ইউপি, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |
| ০৬ | চেয়ারম্যান<br>ধুবিল ইউপি, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |
| ০৭ | চেয়ারম্যান<br>ঘুড়কা ইউপি, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |
| ০৮ | চেয়ারম্যান<br>চান্দাইকোনা ইউপি, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |
| ০৯ | চেয়ারম্যান<br>ধানগড়া ইউপি, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |
| ১০ | চেয়ারম্যান<br>নলকা ইউপি, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |
| ১১ | চেয়ারম্যান<br>পাঙ্গাসী ইউপি, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |
| ১২ | চেয়ারম্যান<br>ব্রহ্মগাছা ইউপি, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |
| ১৩ | ডাঃ আমিনুল ইহসান তৌহিদ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |
| ১৪ | জনাব তানজিল পারভেজ<br>সহকারী কমিশনার (ভূমি), রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |
| ১৫ | জনাব মোঃ আব্দুল আলীম<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |

| ক্র, নং | নাম ও পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৬ | জনাব মোঃ ইলিয়াস হাসান শেখ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |
| ১৭ | জনাব মোঃ তারিকুল আলম<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |
| ১৮ | জনাব মোঃ আপেল মাহমুদ<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |
| ১৯ | জনাব মো: দেলোয়ার হোসেন<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | |
| ২০ | জনাব খাদিজা নাসরিন<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ | ঐ | খাদিজা নাসরিন |
| ২১ | জনাব মোঃ রফিকুল ইসলাম<br>সভাপতি, রায়গঞ্জ প্রেস ক্লাব, রায়গঞ্জ, সিরাজগঞ্জ। | ঐ | |
| ২২ | জনাব আবু আনেশ ইউসুফ<br>প্রকল্প সমন্বয়কারী, এনডিপি, রায়গঞ্জ, সিরাজগঞ্জ (এনজিও প্রতিনিধি) | ঐ | |
| ২৩ | জনাব শোভন মন্ডল<br>অফিসার (সেলপ), ব্র্যাক, রায়গঞ্জ, সিরাজগঞ্জ (এনজিও প্রতিনিধি) | ঐ | |
| ২৪ | জনাব মোঃ আমিনুল ইসলাম শিহাব<br>সভাপতি, দেড়াগাঁতী রুদ্রপুর উচ্চ বিদ্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জ। | ঐ | |
| ২৫ | জনাব মোঃ আব্দুল হাই সরকার<br>বিশিষ্ট সমাজকর্মী, চান্দাইকোনা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ। | ঐ | |
| ২৬ | জনাব ইঞ্জিনিয়ার মোঃ মোহায়মেনু<br>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জ। | সদস্য-সচিব | ০২/০৩/২০২৩ |